দামুড়হুদায় জামায়াতে ইসলামীর নবনির্বাচিত আমীরের শপথ অনুষ্ঠান

দামুড়হুদায় জামায়াতে ইসলামীর উপজেলা শাখার নবনির্বাচিত আমীরের শপথ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার বিকাল ৩টার সময় দামুড়হুদা উপজেলা জামায়াতের আয়োজনে আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ রুমে শপথ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় ২০২৫-২০২৬ বছরে কর্ম পরিষদ সদস্য ও সূরা সদস্য সহ নতুন কমিটির সবাইকে সংগঠনের শপথ বাক্য পাঠ করানো হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা জামায়াতে ইসলামীর আমীর মোঃ রুহুল আমীন। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, বর্তমান বাংলাদেশের প্রশাসনের অবস্থা একেবারে নড়বড়ে। স্বৈরাচারের দোসররা এখনো আছে। সেগুলোকে একটু পরিবর্তন করা গেলেও গোটা প্রশাসনের নিচের লেবেলে যারা আছে তারা এখনো ঠিকমত কাজ করছেনা। এক জেলায় দূর্নীতি করে আবার নতুন জেলায় গিয়ে নতুন আঙ্গিকে দুর্নীতি করছে। আমরা এর অবসান চাই। কারন আমরা দেশকে ভালোবাসি, দেশের মানুষকে ভালোবাসি। আমরা আর এদেশকে বর্গীদের হাতে তুলে দিতে চাইনা। আজকের শপথ অনুষ্ঠানে যারা শপথ গ্রহণ করলেন, যারা নতুন দায়িত্ব গ্রহণ করলেন তারা সঠিকভাবে তাদের দায়িত্ব পালন করবেন। দুই বছরের কমিটি এই সময়ের মধ্যে যদি আপনারা সঠিকভাবে দায়িত্ব পালন করতে না পারেন তাহলে তাদেরকে দায়িত্ব থেকে অপসারণ করা হবে।

জামায়াতে ইসলামীর দামুড়হুদা উপজেলা শাখার আমীর নায়েব আলীর সভাপতিত্বে শপথ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা জামায়াতের সেক্রেটারী এ্যাড. মোঃ আসাদুজ্জামান, দামুড়হুদা উপজেলা জামায়াতে ইসলামীর নবনির্বাচিত কমিটির আমীর মোঃ নায়েব আলী, নায়েবী আমীর মাওলানা আব্দুল গফুর, সেক্রেটারী মোঃ আবেদৌলা, সহকারী সেক্রেটারি মোঃ আবুল বাশার, সহকারী সেক্রেটারি মোঃ রফিকুল ইসলাম জিয়া।